

একষট্টিতম অধ্যায়

রওয়া মোবারক-বনাম-আরশ মোয়াল্লা

প্রসঙ্গ : রওয়া মোবারকের মাটি উত্তম- নাকি আরশ উত্তম?

নবী করিম (দঃ)-এর পবিত্র দেহ স্পর্শকারী রওয়া মোবারকের মাটি আসমান-জমীন, কা'বা, আরশ, কুরছি, লাওহ-কলম- সব কিছুর চেয়েও উত্তম। ফতোয়া শামী ওয় খন্ড যিয়ারত অধ্যায়ে ফতোয়া দেয়া হয়েছে এভাবে :

إِنَّ التُّرْبَةَ الَّتِي اتَّصَلَتْ إِلَىٰ أَعْظَمِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْضَلُ مِنَ
الْأَرْضِ وَالسَّمَاءِ حَتَّىٰ الْعَرْشِ الْعَظِيمِ -

অর্থ-“রওয়া মোবারকের যে মাটি নবী করিম (দঃ)-এর দেহ মোবারকের সাথে লেগে আছে, তা আসমান জমীন-এমনকি আরশ আযীম হতেও উত্তম”। (শামী, যিয়ারত অধ্যায়)। রওয়া মোবারকই যদি সর্বোত্তম হয়, তাহলে শরীর মোবারকের অবস্থা কি হতে পারে? এটা বলার অপেক্ষা রাখেনা (দেখুন মাওয়াহেব ৪র্থ খন্ড ৬০২ পৃষ্ঠা)।

এ আক্বিদা চার মাযহাবের ইমামগণ ঐক্যবদ্ধভাবে পোষণ করে থাকেন। এ আক্বিদার উপর চার মাযহাবের ইজমা প্রতিষ্ঠিত। সুতরাং রওয়া মোবারক খানায়ে কা'বা ও আরশ মোয়াল্লা হতেও উত্তম। ইহাই সুন্নি আক্বিদা। এ সম্পর্কে অসংখ্য কিতাবে উল্লেখ রয়েছে। (মাওয়াহিবে লাদুন্নিয়া ৪র্থ খন্ড ৬০২ পৃষ্ঠা)।

হুযুর (দঃ)-কে রওয়া শরীফে স্থাপন করে তারপর রওয়া মোবারকের উপরিভাগ ৯ খানা কাঁচা ইটের ব্লক দিয়ে বন্ধ করা হয়। ইমাম বায়হাকী বলেন-

إِنَّهُ نُصِبَ عَلَىٰ لِحْدِهِ عَلَيْهِ السَّلَامُ تِسْعَ لَبَنَاتٍ -

অর্থ-“নবী করিম (দঃ)-এর রওয়া মোবারকের উপরিভাগ নয়খানা কাঁচা ইট দ্বারা বন্ধ করা হয়”। নবী করিম (দঃ)-এর রওয়া মোবারক পূর্ব পশ্চিমে করা হয়। মাথা মোবারক পশ্চিম দিকে রেখে দক্ষিণ দিকে কেবলা মুখী করে

শোয়ানো হয়। عَطِّرَ اللَّهُمَّ قَبْرَهُ الْكَرِيمِ بِعَرْفِ شَذِيٍّ مِّنْ صَلْوَةٍ وَتَسْلِيمٍ

নূরনবী (দঃ)

হযুর (দঃ)-এর আড়াই বৎসর পর হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) ইন্তিকাল করলে তাঁকেও উক্ত হুজুরা মোবারকে নবী করিম (দঃ)-এর বাম ও উত্তর পার্শ্বে হযুরের কাঁধ বরাবর দাফন করা হয়। আরো দশ বৎসর পর হযরত ওমর (রাঃ)-কে হযরত আবুবকর (রাঃ)-এর উত্তর ও বাম পার্শ্বে দাফন করা হয়। নবী করিম (দঃ)-এর কাঁধ বরাবর হলো হযরত আবু বকর (রাঃ)-এর মাথা এবং হযরত আবু বকরের কাঁধ বরাবর হলো হযরত ওমরের মাথা। হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) স্বপ্নে যে তিনটি চন্দ্র তাঁর কোলে পতিত হতে দেখেছিলেন-তাঁর সে স্বপ্ন তিন রওয়া মোবারকের মাধ্যমে বাস্তবে পরিণত হলো। আল্লাহ পাক সকলকে আরশে মোয়াল্লার চেয়েও উত্তম স্থান রওয়া মোবারক দর্শন করার সৌভাগ্য নসিব করুন। আমিন!

عرش سے زیادہ رتبہ روضہ رسول اللہ کا

اسی روضہ انوار پہ غلاموں کے لاکھوں سلام-

আরশ হতে অধিক উত্তম দয়াল নবীর রওয়া পাক,
সে রওয়াতে গোলামদেরই লক্ষ কোটি ছালাম যাক।

লেখক।